ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৯৬৬
আগরতলা, ২৯ জানুয়ারি, ২০২৬

## রাজ্যভিত্তিক সেংক্রাক উৎসবের উদ্বোধন করেন রাজ্যপাল

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল উদয়পুরের কিল্লার মনিথাং পাড়ায় রাজ্যভিত্তিক সেংক্রাক উৎসবের উদ্বোধন করেন। তথ্য ও সংস্কৃতি দপ্তর, মলসম দফা এবং টিটিএএডিসি'র যৌথ উদ্যোগে এই উৎসবের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল বলেন, সংস্কৃতি ও ঐতিহ্য হচ্ছে প্রত্যেক জাতির নিজস্ব পরিচয়। তাই ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষায় সকলকে সচেষ্ট থাকার আহ্বান জানান তিনি। রাজ্যপাল আরও বলেন, প্রত্যন্ত অঞ্চলের জনগণকে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধাগুলি কাজে লাগাতে হবে। গ্রামীণ এলাকার অভিভাবকদের তাদের সন্তানদের উন্নত ও বিনামূল্যে শিক্ষার সুযোগ গ্রহণ করার জন্য একলব্য এবং জওহর নবোদয় বিদ্যালয়ে ভর্তি করার আহ্বান জানান রাজ্যপাল। অনুষ্ঠানে বিধায়ক রামপদ জমাতিয়া বলেন, রাজ্যের সকল সম্প্রদায়ের কল্যাণে রাজ্য সরকার নানা উদ্যোগ গ্রহণ করে কাজ করছে। রাজ্য সরকারের উদ্যোগে প্রতিবছরই সেংক্রাক উৎসবের আয়োজন করা হয়। অনুষ্ঠানে এমডিসি প্রদ্যুত কিশোর মানিক্য দেববর্মণ তার ভাষণে মলসম সম্প্রদায়ের সমৃদ্ধ সংস্কৃতি ও ঐতিহ্য, সংরক্ষণের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন, মলসম দফার সাধারণ সম্পাদক মধুচরণ মলসম। উপস্থিত ছিলেন মলসম দফার উপদেষ্টা কমিটির চেয়ারম্যান চন্দ্রকৃষ্ণ মলসম, ত্রিপুরা ক্ষত্রিয় সমাজের সভাপতি যোগেন্দ্র দেববর্মা, কিল্লা ব্লকের বিএসি'র চেয়ারম্যান বাগানহরি মলসম। অনুষ্ঠানে মলসম সম্প্রদায়ের শিল্পীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। লোকভবন থেকে এসংবাদ জানানো হয়েছে।

*****